

আল-আন'আম | Al-An'am | الْأَنْعَامُ

আয়াতঃ ৬ : ৮৭

আরবি মূল আয়াত:

وَمِنْ آبَائِهِمْ وَذُرِّيَّتِهِمْ وَإِخْوَانِهِمْ وَاجْتَبَيْنَاهُمْ وَهَدَيْنَاهُمْ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿٨٧﴾

অনুবাদসমূহ:

আর (আমি হিদায়াত দান করেছি) তাদের পিতৃপুরুষ, বংশধর ও ভাইদের মধ্য থেকে, আর তাদেরকে আমি বাছাই করেছি এবং তাদেরকে সরল পথের দিকে পরিচালিত করেছি। — আল-বায়ান

তাদের পিতৃপুরুষ, বংশধর ও ভ্রাতৃবর্গ থেকে তাদেরকে বেছে নিয়েছি আর সত্য-সঠিক পথে পরিচালিত করেছি। — তাইসিরুল

আর এদের বাপ-দাদা, সন্তান, সন্ততি ও ভাইদের মধ্যে অনেককে আমি মনোনীত করে সঠিক ও সোজা পথে পরিচালিত করেছি। — মুজিবুর রহমান

And [some] among their fathers and their descendants and their brothers - and We chose them and We guided them to a straight path. — Sahih International

৮৭. এবং তাদের পিতৃপুরুষ, বংশধর ও ভাইদের কিছুসংখ্যককে। আর আমরা তাদেরকে মনোনীত করেছিলাম এবং সরল পথে পরিচালিত করেছিলাম।

তাকসীরে জাকারিয়া

(৮৭) এবং এদের পিতৃপুরুষ, বংশধর এবং ভ্রাতৃবৃন্দের[১] কতককে শ্রেষ্ঠত্ব প্রদান করেছিলাম, তাদেরকে মনোনীত করেছিলাম এবং পরিচালিত করেছিলাম সরল পথে।

[১] آباء (পিতৃগণ) বলতে মূল তথা পিতৃপুরুষগণ এবং ذريات বলতে শাখা-প্রশাখা তথা বংশধর ও সন্তান-সন্ততিদেরকে বুঝানো হয়েছে। অর্থাৎ, তাদের পিতৃপুরুষ, সন্তান-সন্ততি এবং ভাইদের মধ্য থেকেও আমি 'ইজতিবা' ও হিদায়াতের সম্মান দানে ধন্য করেছি। 'ইজতিবা'র অর্থ হল, মনোনয়ন ও নির্বাচন করা এবং স্থায়ী বিশিষ্ট বান্দাদের মধ্যে গণ্য করে নেওয়া ও তাদের সাথে মিলিয়ে নেওয়া। আর এটা جَبَّيْتُ الْمَاءَ فِي الْخَوْضِ

(আমি হাওযে পানি জমা করে নিয়েছি) থেকে উদ্ধৃত। অতএব, 'ইজতিবা'র অর্থ হবে নিজের বিশিষ্ট বান্দাদের দলে शामिल করে নেওয়া। اصطفاء (মনোনীত ও নির্বাচন করা)ও এই অর্থেই ব্যবহৃত। যার 'মাফউল' (কর্মকারক) হল مصطفى মনোনীত ও নির্বাচিত। (ফাতহুল ক্বাদীর)

তাকসীরে আহসানুল বায়ান

 Source — <https://www.hadithbd.com/quran/link/?id=876> হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন